(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৩১.৫৫.২৪.০৩৩ তারিখ: ০৬-১০-২০২৪ খ্রি.

# এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা-২০২৪ এর অব্যয়িত ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা-২০২৪ এর স্থগিত পরীক্ষাসমূহ গত ২০/০৮/২০২৪ তারিখ বাতিল ঘোষণা করা হয়। যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ ও ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্ত:শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির গত ১৮/০৯/২০২৪ তারিখের ১৯২তম সভায় পরীক্ষার্থীদের ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**(ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:** ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণের জন্য যেসকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিল তাদের প্রবেশপত্রে উল্লিখিত কিন্তু পরীক্ষা অনুষ্ঠিত হয়নি এরূপ প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক ধার্যকৃত উত্তরপত্র মূল্যায়ন ফি পত্র প্রতি (তত্ত্বীয়) ৩০.০০ (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

বোর্ড কর্তৃক ফেরতকৃত অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থী নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।

**(খ) কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:** ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণের জন্য যেসকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিল তাদের সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে (কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন/ট্রেড-১ ব্যতীত) পত্র প্রতি ৩৫.০০ (পঁয়ত্রিশ) টাকা এবং ব্যবহারিক কেন্দ্র ফি পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা ফেরত প্রদান করা হবে।

কেন্দ্র উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ফেরত প্রদান করবে এবং পরীক্ষার্থী ব্যবহারিক ফি বাবদ অব্যয়িত উক্ত অর্থ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।

**(গ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান:** শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান করবে। কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষা পরিচালনা, পরীক্ষার গোপনীয় মালামাল বোর্ডে জমাদানসহ পরীক্ষা সংশ্লিষ্ট প্রশাসনিক কাজে ব্যয় করবে।

**বিষয়টি অতীব জরুরী।**

০৬/১০/২৪
(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
E-mail: controller@bteb.gov.bd
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৩১.৫৫.২৪.০৩৩(১২) তারিখ: ০৬-১০-২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৫. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, সকল জেলা।
৭. বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ পরিচালক (হি. ও নি.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. অফিস নথি।

(মো: জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
ফোন: ০২-৫৫০০৬৫২৯ (অফিস)

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

# এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা-২০২৪ এর অব্যয়িত ফি ফেরত প্রদান সংক্রান্ত

**(ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত (সিলেট অঞ্চল ব্যতীত):**

শিক্ষার্থীরা ফরম পূরণ করেছিলো কিন্তু পরীক্ষা অনুষ্ঠিত হয়নি এমন তত্ত্বীয় বিষয় পত্র প্রতি ৩০.০০ (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

HSC (BM/BMT): একাদশ = ৩০.০০×২ পত্র=৬০ টাকা, দ্বাদশ = ৩০.০০×২ পত্র = ৬০ টাকা।
HSC (VOC.) : একাদশ = সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে তাই অর্থ ফেরত প্রদান প্রযোজ্য হবে না।
দ্বাদশ = ৩০.০০×১ পত্র = ৩০ টাকা।
DIP. IN COM. : একাদশ = ৩০.০০×১ পত্র = ৩০ টাকা (শুধুমাত্র প্রডাকশন প্ল্যানিং কন্ট্রোল এন্ড কস্টিং-১৮১৭ বিষয়ের জন্য)
দ্বাদশ = সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে তাই অর্থ ফেরত প্রদান প্রযোজ্য হবে না।

**বি.দ্র.: বোর্ড কর্তৃক ফেরতকৃত অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থী নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।**

**(খ) কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত (সিলেট অঞ্চল ব্যতীত):**

সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে (কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন/ট্রেড-১ ব্যতীত) পত্র প্রতি ৩৫.০০(পয়ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

HSC (BM/BMT): একাদশ = ৩৫.০০×৪ পত্র = ১৪০টাকা, দ্বাদশ = ৩৫.০০×৫ পত্র = ১৭৫টাকা।
HSC (VOC.): একাদশ = ৩৫.০০×৬ পত্র = ২১০ টাকা, দ্বাদশ = ৩৫.০০×৫ পত্র = ১৭৫ টাকা।
DIP. IN COM.: একাদশ = ৩৫.০০×৫ পত্র = ১৭৫ টাকা, দ্বাদশ = ৩৫.০০×৪ পত্র = ১৪০ টাকা।

এছাড়াও অব্যয়িত ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা ফেরত প্রদান করা হবে।

**বি.দ্র.: কেন্দ্র উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ফেরত প্রদান করবে এবং পরীক্ষার্থী ব্যবহারিক ফি বাবদ অব্যয়িত উক্ত অর্থ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।**

**(গ) সিলেট অঞ্চলের ক্ষেত্রে:**

সিলেট অঞ্চলে যেসকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়নি সেসকল বিষয়ে পত্র প্রতি নিম্নোক্ত হারে ফেরত প্রদান করা হবে।

**১. বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:**

শিক্ষার্থীরা ফরম পূরণ করেছিলো কিন্তু পরীক্ষা অনুষ্ঠিত হয়নি এমন তত্ত্বীয় বিষয় পত্র প্রতি ৩০.০০ (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

HSC (BM/BMT) একাদশ = ৩০.০০×৬ পত্র = ১৮০ টাকা, দ্বাদশ = ৩০.০০×৫ পত্র = ১৫০ টাকা।
HSC (VOC.) একাদশ = ৩০.০০×৫ পত্র = ১৫০ টাকা, দ্বাদশ = ৩০.০০×৫ পত্র = ১৫০ টাকা।

**২. কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:**

সকল ব্যবহারিক (কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন/ট্রেড-১ ব্যতীত) ক্ষেত্রে পত্র প্রতি ৩৫.০০ (পয়ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

HSC (BM/BMT) একাদশ = ৩৫.০০×৪ পত্র = ১৪০ টাকা, দ্বাদশ = ৩৫.০০×৫ পত্র = ১৭৫ টাকা।
HSC (VOC.) একাদশ = ৩৫.০০×৬ পত্র = ২১০ টাকা, দ্বাদশ = ৩৫.০০×৫ পত্র = ১৭৫ টাকা।

এছাড়াও অব্যয়িত ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা ফেরত প্রদান করা হবে।

**বি.দ্র.: কেন্দ্র উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ফেরত প্রদান করবে এবং পরীক্ষার্থী ব্যবহারিক ফি বাবদ অব্যয়িত উক্ত অর্থ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।**

**(ঘ) অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে:**

যে সকল বিষয়ের তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হয়নি সেসকল পত্র প্রতি ৩০.০০ (ত্রিশ) হারে বোর্ড কর্তৃক ফেরত দেওয়া হবে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি ৩৫.০০ (পঁয়ত্রিশ) টাকা হারে এবং ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা ফেরত প্রদান করা হবে।

৬/১০/২৪

(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
Email: controller@bteb.gov.bd
ফোন: ০২-৫৫০০৬৫২৫